

সেবার নাম: **গ্রামিণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ**

সেবা গ্রহণকারী: উপকার ভোগী জনগণ/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ

সেবা প্রদানের ধাপসমূহ:

- ✚ উপজেলার অন্তর্গত সকল উপজেলা ও ইউনিয়ন সড়কের বাস্তব অবস্থা, যানবাহন চলাচলের সংখ্যা এবং সড়কের সেতু / কালভার্ট এর অবস্থা পর্যবেক্ষণ করে উপজেলা ডাটাবেজ হালনাগাদ করে উপজেলা প্রকৌশলী জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করবে।
- ✚ নির্বাহী প্রকৌশলী তার আওতাধীন সকল উপজেলার ডাটাবেজ হালনাগাদ করে আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিসের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণ করবে।
- ✚ সদর দপ্তর রক্ষণাবেক্ষণ ইউনিট প্রাপ্ত হালনাগাদ ডাটাবেজের আলোকে সফটওয়্যারের সাহায্যে জেলাওয়ারী রক্ষণাবেক্ষণ চাহিদা নিরূপণ করবে এবং সাথে সাথে প্রাথমিক স্কীম তালিকা প্রণয়ন করবে।
- ✚ সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর প্রাথমিক স্কীমগুলি উপজেলা প্রকৌশলীর মাধ্যমে সরেজমিনে যাচাই-বাছাই করে সম্ভাব্য প্রাক্কলন প্রণয়ন করবে।
- ✚ জেলা রক্ষণাবেক্ষণ কমিটি জেলার বার্ষিক বরাদ্দকৃত বাজেট অনুযায়ী স্কীম তালিকা চূড়ান্তকরতঃ বার্ষিক ক্রয় পরিকল্পনাতে (Annual Procurement Plan) অন্তর্ভুক্ত করে অনুমোদনের জন্য আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ।
- ✚ আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী স্কীমগুলো যাচাই বাছাই শেষে **সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক** অনুমোদনের পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী দরপত্র আহ্বান করে রক্ষণাবেক্ষণ নির্দেশিকার আলোকে রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করবে।

কার্যনিষ্পত্তি সর্বোচ্চ সময়: সর্বোচ্চ ৬ মাস

সেবা প্রদানের কতৃপক্ষ:

- ১। সংশ্লিষ্ট উপজেলা
- ২। সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী/প্রকৌশলী
- ৩। সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী